

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd.com



তারিখ: ৩০ ফাল্গুন ১৪২৫
১৪ মার্চ ২০১৯

অফিস আদেশ

সালাহ উদ্দিন ইউসুফ সরকারি মাধ্যমিক বিদ্যালয়, খুলনা এর প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় সহকারী প্রধান শিক্ষক জনাব ঠাকুরদাস তরফদারকে গত ০১.১১.২০১৮খ্রি. হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এর দায়িত্বসহ আর্থিক লেনদেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি তার নিজের এবং অন্যান্য শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

- (ক) এই দায়িত্ব তার নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/জ্যেষ্ঠ সহকারী প্রধান শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- (খ) ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- (গ) দায়িত্বে থাকাকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।
- (ঘ) তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।

স্বাক্ষরিত
(প্রফেসর ড.সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০৩.১৬-৫৭১

তারিখ: ৩০ ফাল্গুন ১৪২৫
১৪ মার্চ ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা ;
- ০২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগ,
- ০৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল,
- ০৪। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,
- ০৫। প্রধান শিক্ষক,
- ০৬। জনাব
- ০৭। সংরক্ষণ নথি।

(মো. আমিনুল ইসলাম টুকু)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)

৯৫৬১২৫৪

email: addshesecondary1@gmail.com